

## ফিচার

### বহিঃবিশ্বে বাউবি'র শিক্ষা কার্যক্রম : জনশক্তির দক্ষতা বৃদ্ধির উদ্যোগ



মোঃ আবুল কাসেম শিখদার

দেশের রেমিট্যান্স যোদ্ধাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধি করে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দেশ গড়ায় ভূমিকা রাখতে বদ্ধ পরিকর। সাম্প্রতিক সময়ে দেশের বৈদেশিক মুদ্রা অর্জনে রেমিট্যান্স যোদ্ধাদের ভূমিকা সবচেয়ে বেশি। বিদেশে কর্মরত এই জনশক্তির দক্ষতা বৃদ্ধিতে শিক্ষার কোন বিকল্প নেই। বিষয়টি বাউবি বিবেচনায় এনে প্রবাসে বাংলাদেশ দূতাবাসের সহযোগিতায় উন্মুক্ত ও দূর শিক্ষণের মাধ্যমে প্রবাসী কর্মজীবীদের উচ্চ শিক্ষা দানের উদ্যোগ নিয়েছে। ২০১৯ সালে দক্ষিণ কোরিয়ার সিউলে বাংলাদেশ দূতাবাসের প্রত্যক্ষ সহযোগিতায় বাউবি নিশ প্রোগ্রামের অধীনে এইচএসসি ও স্নাতক প্রোগ্রাম চালু করেছে। ই-বুক, অন লাইন টিউটোরিং, শিক্ষার্থী সেবায় তাঁদের সুবিধামত সময়ে মেন্টোরিং করে প্রোগ্রাম দু'টি পরিচালিত হচ্ছে। একইভাবে সৌদী আরবে ০৪টি শহরে মক্কা, দাম্মাম, রিয়াদ ও মদীনায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল ও কলেজে স্টাডি সেন্টার মেন্টোরিং খুলে এসএসসি ও এইচএসসি প্রোগ্রাম চালু হয়েছে। কাতারেও বাংলাদেশের দূতাবাসের সহযোগিতায় একইভাবে অনুরূপ প্রোগ্রাম চালু হয়েছে। প্রবাসী রেমিট্যান্স যোদ্ধাগণ এ সকল প্রোগ্রামে বাউবি'র এ্যাপস ব্যবহার, দূতাবাসের প্রত্যক্ষ সহযোগিতা, গাজীপুর থেকে প্রোগ্রাম পরিচালনাকারী স্কুল ও ইন্টারন্যাশনাল একাডেমিক উইং কর্তৃপক্ষের নির্দেশনায় পরিচালিত হয়ে আসছে। যে কোন সমস্যায় শিক্ষার্থীগণ শিক্ষক, ফোকাল পয়েন্ট এবং মেন্টরের সঙ্গে সংযুক্ত হচ্ছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসন কর্তৃপক্ষ বিষয়টিকে গুরুত্ব দিয়ে প্রতিটি দেশের দূতাবাসের সাথে সবসময় যুক্ত থাকছেন। এরই ধারাবাহিকতায় গত রবিবার ২৯ আগস্ট, ২০২১ বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক অফিসে দক্ষিণ কোরিয়ায় তথা নবনিযুক্ত বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত মোঃ দেলোয়ার হোসেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ কর্মসূচীতে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার মিলিত হ'ন। বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের সাথে এ সাক্ষাতে প্রোগ্রাম সম্পর্কে বিশদ আলোচনা, শিক্ষা

কার্যক্রম বৃদ্ধিসহ নানা দিক নিয়ে ত্রিপক্ষীয় ফলপ্রসূ আলোচনা হয়। সভায় এ লক্ষ্যে বৈদেশিক ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কারিগরী শিক্ষা অধিদপ্তর ও বাউবি'র মধ্যে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক চুক্তির বিষয় নিয়ে আলোচনা করা হয়। এ সময় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম সংযুক্ত ছিলেন।

বাউবি'র ইন্টারন্যাশনাল একাডেমিক উয়িং নামে এ জন্য বিশ্ববিদ্যালয়ে একটি স্বতন্ত্র অফিস খোলা হয়েছে। যুগ্ম পরিচালক সঙ্গীতা মোর্শেদ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এ সকল কাজ ত্বরান্বিত করছেন।

উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রীর ২০৪১ সালের উন্নত বাংলাদেশের অভিপ্রায় বাস্তবায়ন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার প্রত্যয়কে সামনে রেখে কর্মমুখী, গণমুখী ও জীবনমুখী শিক্ষাকে বাউবি'র দীক্ষা এই শ্লোগানকে ব্রত হিসেবে নিয়ে প্রবাসীদের উচ্চ শিক্ষার সোপানে নিয়ে আসার পরিকল্পনা বাস্তবায়নের রোড ম্যাপ নিয়ে কথা বলেন। ইতোমধ্যে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট স্কুল ও প্রশাসনিক বিভাগগুলোকে এ কাজকে পবিত্র অঙ্গীকার হিসেবে নেয়ার আহ্বান জানান। বিশ্ববিদ্যালয় মনে করে দেশপ্রেমের মাধ্যমে একনিষ্ঠভাবে কাজ করলে নিশ্চিত দেশ এগিয়ে যাবেই।

পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়